

জনাব শেফালী বেগম, যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, পরিকল্পনা বিভাগ কর্তৃক ১৪ জুন ২০২২খ্রি. তারিখে আয়োজিত ৪র্থ ত্রৈমাসিক ফিডব্যাক সভায় বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) বিষয়ে গৃহীত সিদ্ধান্ত এবং এর বাস্তবায়ন অগ্রগতি -

সিদ্ধান্ত/মন্তব্য	বাস্তবায়ন অগ্রগতি
৩.০০ বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ১৭টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ১.১, ১.২, ১.৩, ১.৪, ১.৫, ১.৬, ১.৮, ২.৩ এর সময়ভিত্তিক কার্যক্রম চলমান রয়েছে। কর্মসম্পাদন সূচক ১.৫, ১.৬, ২.১, ২.২, ৩.১, ৩.২, ৩.৩, ৩.৪, ৩.৫ পূর্ণ অর্জন হয়েছে এবং কর্মসম্পাদন সূচক ২.৪ অনুসারে কোন সমাপ্ত প্রকল্প নেই এবং ১.৭ এর সংশ্লিষ্ট কোন কার্যক্রম বিআইডিএস এ বিদ্যমান নেই।	চলমান কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হবে।
৪.০০ সভায় বিআইডিএসের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিআইডিএসের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সুনির্দিষ্টভাবে পরিচালিত হচ্ছে মর্মে প্রতিয়মান হয়। বাস্তবায়িত প্রতিটি কর্মসম্পাদন সূচকের সাথে প্রমাণক এবং সংযুক্ত প্রমাণকের সংখ্যা উল্লেখপূর্বক একটি সামারী শিট বছরান্তে প্রদানের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।	বাস্তবায়িত প্রতিটি কর্মসম্পাদন সূচকের সাথে প্রমাণক এবং সংযুক্ত প্রমাণকের সংখ্যা উল্লেখপূর্বক একটি সামারী শিট বছরান্তে প্রদান করা হবে।
৫.১ ২০২১-২২ অর্থবছরে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৪টি সভার সিদ্ধান্তসমূহ একত্রিত করে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।	নৈতিকতা কমিটির ৪টি সভার সিদ্ধান্তসমূহ একত্রিত করে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হবে।
৫.২ শুদ্ধাচার পুরস্কারে মনোনীতদের তালিকা যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	শুদ্ধাচার পুরস্কারে মনোনীতদের তালিকা ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
৫.৩ আগামী ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হতে হবে।	শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে বিআইডিএসের পক্ষ হতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।



(সুবাস চন্দ্র সাহা)
সচিব (চলতি দায়িত্ব)